



## বাংলাদেশ জুট মিলস করপোরেশন

আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা  
প্রসিডিং বিভাগ।

স্মারক নং ২৪.০৪.০০০০.২০৭.১১.০৮৭.২৫-২৫

তারিখঃ ১৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
২ মার্চ ২০২৬ খ্রি:

বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন রাজশাহী জুট মিলস এর রাজশাহী পাটকল উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক [সাময়িক বরখাস্তকৃত] জনাব প্রাণ নাথ রায় এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর প্রসি/বিঃমাঃ ০৮৭ (রাজশাহী)/২৫ এর বাংলাদেশ জুট মিলস করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৪৩(৬) এর বিধানমতে,

### দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি জনাব প্রাণ নাথ রায়, সহকারী শিক্ষক [সাময়িক বরখাস্তকৃত], রাজশাহী পাটকল উচ্চ বিদ্যালয়, রাজশাহী জুট মিলস লিঃ, শ্যামপুর, রাজশাহী। আপনার বিরুদ্ধে অসদাচরণ ও প্রতারণার অভিযোগে বিভাগীয় মামলা নং প্রসি/বিঃমাঃ ০৮৬ (রাজশাহী)/১৮ নং রুজু করা হয়। গত ১৭/১১/২০১৯ তারিখে স্মারক নং ২৪.০৪.০০০০.২০৭.১১.০৮৬.১৮/১৯২ মোতাবেক উক্ত বিভাগীয় মামলার চূড়ান্ত আদেশে প্রাপক জনাব প্রাণ নাথ রায়, সহকারী শিক্ষক এর স্থলে ডুলক্রমে সহকারী প্রধান শিক্ষক, রাজশাহী পাটকল উচ্চ বিদ্যালয়, রাজশাহী জুট মিলস লিঃ, শ্যামপুর, রাজশাহী লেখা হয়েছিল। উক্ত ডুল ২৪/০৭/২০২৫ তারিখে সংশোধনপূর্বক আপনাকে অবহিত করা হয়। এ বিষয়ে আপনাকে মিল কর্তৃপক্ষও একাধিকবার অবহিত করেন কিন্তু আপনি মিল কর্তৃপক্ষের কথা কর্ণপাত না করে সহকারী প্রধান শিক্ষকের পদ এবং তার আর্থিক সুবিধা প্রাপ্তির জন্য কর্তৃপক্ষের নিকট বারবার দাবী করেন। আপনি নিয়োগ বিজ্ঞপ্তির বরাতে সহকারী শিক্ষক হিসেবে যোগদান করেছেন, সহকারী প্রধান শিক্ষক হিসেবে নয় এবং আপনাকে কখনোই সহকারী প্রধান শিক্ষক হিসেবে পদোন্নতি প্রদান করা হয়নি। শুধুমাত্র প্রাপকের ঠিকানায় করণিক ডুলের জন্য পদোন্নতি দাবী করা যায় না। সহকারী প্রধান শিক্ষক হিসেবে আপনার পদোন্নতির দাবী ভিত্তিহীন, অমূলক ও আইনগত প্রক্রিয়ার পরিপন্থি। আপনি গত ০৩/০৮/২০২৫ তারিখে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা মহোদয় বরাবর আদালতের রায় গোপন করে প্রতারণা ও প্রশাসনিক অনিয়ম সংক্রান্ত অভিযোগ দায়ের করেন যা শিষ্টাচার বহির্ভূত ও বিধি সম্মত নয়। কর্তৃপক্ষ করণিক ডুল সংক্রান্ত বিষয়ে আপনাকে সঠিক ব্যাখ্যা দিয়েছেন আপনি তবুও গত ৩০/০৭/২০২৫ তারিখে কর্তৃপক্ষ বরাবর পদোন্নতির পদের বিষয়ে চ্যালেঞ্জ করে ও আর্থিক সুবিধা দাবী করে আবেদন করেন এবং করণিক ডুলের ব্যাখ্যা চান। আপনি বলেছেন গত ২৮/০১/২০১৯ তারিখ মহামান্য আদালত একটি রায় ঘোষণা করেন এবং উক্ত রায় মোতাবেক গত ১৭/১১/২০১৯ তারিখে বিজেএমসি সহকারী প্রধান শিক্ষক পদ উল্লেখ করে আদেশ জারী করেন। এ বিষয়ে গত ২৮/০১/২০১৯ তারিখের আদালতের রায়ের কপি আপনার নিকট চাওয়া হলে আপনি মহামান্য আদালতের কোন রায়ের কপি দেখাতে পারেননি। উল্লিখিত অভিযোগসমূহের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে বাংলাদেশ জুট মিলস করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৩৯ (খ) অনুযায়ী অসদাচরণের দায়ে প্রসি/বিঃমাঃ ০৮৭ (রাজশাহী)/২৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং


২। যেহেতু, আপনি গত ২২/১০/২০২৫ তারিখে বিভাগীয় মামলার অভিযোগনামার জবাব দাখিল করেন এবং ০৯/১১/২০২৫ তারিখে আপনার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। আপনার দেয়া ব্যক্তিগত শুনানীর জবাব সন্তোষজনক না হওয়ায় অভিযোগের প্রকৃত বিষয় উদ্ঘাটনের লক্ষ্যে গত ১৬/১১/২০২৫ তারিখে দপ্তরাদেশের মাধ্যমে তদন্ত কর্তৃকর্তা নিয়োগ করা হয়। গত ১৫/০১/২০২৬ তারিখে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

৩। যেহেতু, অভিযোগনামা, তদন্ত প্রতিবেদন, যাবতীয় আনুষঙ্গিক কাগজপত্র ও তথ্যাদি এবং নথি পর্যালোচনায় আপনার দ্বারা সংঘটিত কর্মকাণ্ডের শাস্তি গুরুতর হিসেবে বিবেচিত হওয়ায় বাংলাদেশ পাটকল করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৪০(১)(আ) অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক আপনাকে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, এক্ষণে আপনাকে বাংলাদেশ পাটকল করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৪০(১)(আ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে “কেন আপনাকে গুরুদণ্ড” প্রদান করা হবে না তার জবাব এ পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

তদন্ত কমিটি কর্তৃক ১৫/০১/২০২৬ তারিখে দাখিলকৃত প্রতিবেদনের ফটোকপি আপনার জ্ঞাতার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ দাখিলকৃত প্রতিবেদন।

  
- ০২/০৬/২০২৬  
মোঃ মামনুর রশিদ  
মুখ্য পরিচালন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

জনাব প্রাণ নাথ রায়  
সহকারী শিক্ষক [সাময়িক বরখাস্তকৃত]  
রাজশাহী পাটকল উচ্চ বিদ্যালয়  
রাজশাহী জুট মিলস  
শ্যামপুর, রাজশাহী।

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)। [ই-মেইল যোগে]


০১। মহাব্যবস্থাপক (প্রশাঃ ও সাঃ সেবা)/(হিসাব ও অর্থ), বিজেএমসি, ঢাকা।

০২। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা [সংস্কার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]


০৩। প্রকল্প প্রধান, রাজশাহী জুট মিলস লিঃ, শ্যামপুর রাজশাহী।

০৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।

০৫। অফিস কপি/মাষ্টার ফাইল।



০৫/০৬/১৯



০৫/০৬/১৯